



# গাজীপুর সিটি কর্পোরেশন

গাজীপুর।

[www.gcc.gov.bd](http://www.gcc.gov.bd)

ফোন - ৯২৬৩৬৫২, ফ্যাক্স - ৯২৫৭২৪০-১১৬

আপনার শিশুকে টকা দিন  
নিরাপদ খাদ্য সরবরাহ করুন  
সময়মত কর পরিশোধ করুন  
আপনার শহর পরিষ্কর রাখুন



"শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং ৪৬.১৯.০০০০.০১৬.০৪.০০৪.২২/৫৭০

তারিখঃ ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
১০/০৩/২০২৪খ্রিঃ


## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য অধিদপ্তর, সম্প্রসারিত টিকাদান কর্মসূচী (ইপিআই), মহাখালী, ঢাকা-১২১২ কর্তৃক গত ৩১-০৮-২০২২ খ্রিঃ তারিখের স্বাঃঅধিঃ/ইপিআই/প্রশিক্ষণ-৬ (পার্ট-৬)/কোভিড-১৯/২০২০/১৪৪০ সংক্ষক স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে গাজীপুর সিটি কর্পোরেশনের মা ও শিশু স্বাস্থ্য সেবা এবং সম্প্রসারিত টিকাদান কার্যক্রমকে শক্তিশালী করার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে UNICEF এর অর্থায়নে গাজীপুর সিটি কর্পোরেশনের নিম্নোক্ত পদ সমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ৩১ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়কালীন নিয়োগের লক্ষ্যে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	সর্ব সাকুল্যে বেতন
০১	ভ্যাক্সিনেটর/ টিকাদানকারী (নারীদের অগ্রাধিকার)	০২ জন	১। প্রার্থীকে এইচ.এস.সি/ সমমান পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে। ২। টিকাদান কাজে অভিজ্ঞ ব্যক্তিদের অগ্রাধিকার দেয়া হবে। ৩। প্রার্থীর বয়স অনধিক ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, ইপিআই কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।	১৩,৭৫০/=
০২	প্রথম সারির তত্ত্বাবধায়ক/ ভ্যাক্সিনেটর সুপারভাইজার	০১ জন	১। প্রার্থীকে স্নাতক/ সমমান পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে। ২। যে কোনো স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে সেই প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। ৩। প্রার্থীর বয়স অনধিক ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, ইপিআই কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।	১৬,০০০/=
০৩	পোর্টার	০১ জন	১। প্রার্থীকে ৮-ম (অষ্টম) শ্রেণী/ সমমান পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে। ২। প্রার্থীর বয়স অনধিক ২৫-৩০ বছর হতে হবে। ৩। ভ্যাক্সিন ও অন্যান্য সরঞ্জাম পরিবহনের জন্য প্রার্থীর নিজস্ব যানবাহন বা বাই-সাইকেল থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই কর্ম এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।	১৩,২০০/=

### সাধারণ শর্তাবলী

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং জনগনের সাথে সু-সম্পর্ক স্থাপনে আগ্রহী হতে হবে।
- এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে এবং এর মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত।
- আগ্রহী চাকরি প্রত্যাশীগণকে আবেদনের সাথে জীবন বৃত্তান্ত, দুই কপি সদ্য তোলা সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি, নাগরিকত্ব সনদপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ এর সত্যায়িত ফটোকপি আগামী ২৪/০৩/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/ সরাসরি মেয়র, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর এই ঠিকানায় প্রেরণ করতে হবে।

  
আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা  
অঞ্চল-০১  
গাজীপুর সিটি কর্পোরেশন  
ও  
সভাপতি, নিয়োগ কমিটি